# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৭০

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৬. তৃতীয় অনুচ্ছেদ - নফল সিয়াম প্রসঙ্গে

## আরবী

وَعَنْ حَفْصَةَ قَالَتْ: أَرْبَعٌ لَمْ يَكُنْ يَدَعُهُنَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «صِيَامُ عَاشُورَاءَ وَالْعَشْرِ وَثَلَاثَةُ أَيَّامٍ مِنْ كُلِّ شَهْرٍ وَرَكْعَتَانِ قبل الْفجْر» . رَوَاهُ النَّسَائِيّ

## বাংলা

২০৭০-[৩৫] হাফসা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, চারটি জিনিস এমন আছে যা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছাড়তেন না। ১. ’আশূরার সওম। ২. যিলহজ মাসের প্রথম নয় দিনের সওম। ৩. প্রতি মাসের তিনদিন সওম। ৪. আর ফাজ্‌রের (ফরযের) আগের দু’ রাক্‌’আত (সুন্নাত) সালাত। (নাসায়ী)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : নাসায়ী ২৪১৬, আহমাদ ২৬৪৫৯, মু‘জামুল কাবীর ৩৫৪, ইরওয়া ৯৫৪। কারণ এর সানাদে "আবূ ইসহাক আল আশজা‘ঈ" একজন মাজহূল রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে عَشْرِ শব্দটি রূপকার্থে নয়দিন বুঝায়। আহমাদ আবূ দাঊদ ও নাসায়ী নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক স্ত্রী থেকে বর্ণনা করেছেন যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যিলহজ মাসের নয়দিন সিয়াম রাখতেন এবং ‘আশূরার দিনেও সিয়াম রাখতেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56630

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন